

২৬ সেপ্টেম্বর, ২০২৪ (ঢাকা)

প্রেস রিলিজ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

“একদিনে সারাদেশে ৮ হাজার মশার প্রজননস্থল ধ্বংস”

সারাদেশে একদিনে ৮ হাজার ৩ শত ৮০টি মশার প্রজননস্থল ধ্বংস করা হয়েছে। দেশের ১২টি সিটি কর্পোরেশনে ৮ হাজার ১ শত ৫টি এবং পৌরসভাসমূহে ২ শত ৭৫টি মশার প্রজননস্থল ধ্বংস করা হয়েছে। চলতি মৌসুমে ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব মোকাবেলায় মশক নিধন অভিযান বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গঠিত মনিটরিং টিম, সব সিটি কর্পোরেশন ও ঝুঁকিপূর্ণ পৌরসভায় আজ ২ হাজার ৭ শত ১০ জন মশককর্মী কাজ করেছে।

স্থানীয় সরকার বিভাগ হতে বৃহস্পতিবার এক প্রেস বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়।

ডাম ভাঙ্গা পাত্র, নির্মানাধীন ভবন, ফুলের টব ও লিস্টের গর্তে জমে থাকা পানি পাওয়ার কারণে খুলনা সিটি কর্পোরেশনে ৫টি এবং গাজীপুর সিটি কর্পোরেশনে ৬টি সহ মোট ১১টি মোবাইল কোর্টের মাধ্যমে মামলা করা হয়েছে। বৃহস্পতিবার সারাদেশে সতর্কীকরণ নোটিশ জারি করা হয়েছে ৪৩টি, যেখানে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে ১৪টি, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে ০৮টি, গাজীপুর সিটি কর্পোরেশনে ০২টি এবং ময়মনসিংহ সিটি কর্পোরেশনে ১৯টি সতর্কীকরণ নোটিশ জারি করা হয়েছে।

ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব মোকাবেলায় জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন এলাকায় মাইকিং, লিফলেট ও পোস্টার বিতরণ করা হয়েছে। এছাড়া দেশব্যাপী ডেঙ্গু প্রকোপ বৃদ্ধি পাওয়ায় ডেঙ্গুসহ অন্যান্য মশাবাহিত রোগ প্রতিরোধে জনসচেতনতার লক্ষ্যে খুদে বার্তা (SMS) সকল মোবাইল অপারেটরের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে। খুদে বার্তাটি হল: “ নিয়মিত প্রতিদিন, জমা পানি ফেলে দিন। নিজ আঞ্জিনা পরিষ্কার রাখি, ডেঙ্গু মুক্ত দেশ গড়ি। জমা পানি সর্বনাশা, এডিস মশা বাঁধে বাসা। সহজ উপায়ে কেরোসিন, জমা পানিতে ঢেলে দিন”।

স্বাক্ষরিত/-

পবন চৌধুরী

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা,

(সিনিয়র তথ্য অফিসার)

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

মোবাঃ01714307644

সম্মানিত বার্তা সম্পাদক/চিফ রিপোর্টার/সি,ডিপিআইও(প্রেস)

সকল সংবাদ মাধ্যম/পিআইডি।



